

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
(স্থানীয় সরকার শাখা)
www.chittagongdiv.govbd

স্মারক নং-০৫.৪২.২০০০.০৪১.১৫.০০১.১৭- ১০২৫

তারিখঃ ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: চট্টগ্রাম বিভাগের ৮টি জেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের কর্মদক্ষতা মূল্যায়ণ প্রতিবেদন প্রেরণ।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের মূল্যায়ণ-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৯৬.১৬.০৪৭.২২.১৩, তারিখ: ২১ আগস্ট ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে চট্টগ্রাম বিভাগের আওতাধীন ৮টি জেলা পরিষদের (তিনটি পার্বত্য জেলা পরিষদ ব্যতীত) ২০২২-২৩ অর্থ বছরের কর্মদক্ষতা মূল্যায়ণ সম্প্রতি সম্পন্ন হয়েছে। মোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে মূল্যায়ণ শেষে ৮টি জেলা পরিষদের কর্মদক্ষতার সারসংক্ষেপ নিম্নরূপ:

| ক্রমিক | জেলা পরিষদের নাম | প্রাপ্ত নম্বর | অর্জিত মান | মানোন্নয়নের জন্য সুপারিশ |
|--------|-----------------------------|---------------|------------|--|
| ১ | চট্টগ্রাম জেলা পরিষদ | ৮৬ | ১ম | উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে গতিশীলতা আনয়ন। মন্ত্রণালয়ের পরিপত্র যথাযথভাবে অনুসরণ। |
| ২ | চাঁদপুর জেলা পরিষদ | ৮২ | ২য় | রাজস্ব আয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ। |
| ৩ | নোয়াখালী জেলা পরিষদ | ৮০ | ৩য় | অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং ডিজিটাল সেন্টারের সেবা সম্পর্কে প্রচারণা পরিচালনা ও সেন্টার খোলা রাখা। |
| ৪ | লক্ষ্মীপুর জেলা পরিষদ | ৭৮ | ৪র্থ | আর্থিক ব্যবস্থাপনার মানোন্নয়নের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তি। |
| ৫ | ফেনী জেলা পরিষদ | ৭৭ | ৫ম | অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা। ডিজিটাল সেন্টার কার্যকর করা। |
| ৬ | কুমিল্লা জেলা পরিষদ | ৭৩ | ৬ষ্ঠ | উপর্যুক্ত কর্মকর্তা পদায়ন। আর্থিক শৃংখলার মান উন্নয়ন ও ক্যাশবহি ব্যবস্থাপনা আদর্শমানে উন্নীতকরণ। |
| ৭ | কক্সবাজার জেলা পরিষদ | ৭৩ | | রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ। |
| ৮ | ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদ | ৭০ | ৭ম | প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করা। কর্মচারীদের আর্থিক ও পেশাগত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। |

২। এমতাবস্থায়, ভবিষ্যতে মূল্যায়ণ মান বৃদ্ধির লক্ষ্যে সুপারিশসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

মুহাম্মদ আনোয়ার পাশা

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)

ও

পরিচালক, স্থানীয় সরকার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

ফোন: ০২-৪১৩৬০৮০৩

প্রধান নির্বাহী কর্মকর্তা

চট্টগ্রাম/কক্সবাজার/ফেনী/নোয়াখালী/কুমিল্লা/লক্ষ্মীপুর/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর

জেলা পরিষদ

স্মারক নং-০৫.৪২.২০০০.০৪১.১৫.০০১.১৭- ১০২৫/১(৩)

তারিখঃ ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, চট্টগ্রাম (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

পরিচালক

স্থানীয় সরকার (অতিরিক্ত দায়িত্ব)